

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৬৪

বিলোনীয়া, ২৮ নভেম্বর, ২০২৪

চন্দ্রপুর পর্যটন ও মিলন মেলা-২০২৪

রাজনগর ছাকে প্রস্তুতি সভা

চন্দ্রপুর পর্যটন ও মিলন মেলা-২০২৪ এর এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় গতকাল রাজনগর ছাকের কনফারেন্স হলে। সভায় সভাপতিত্ব করেন বিধায়ক স্বপ্না মজুমদার। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সহকারি সভাধিপতি তপন দেবনাথ, রাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ দেবনাথ, ভাইস চেয়ারম্যান মিঠু দত্ত সরকার, ছাকের বিডিও সৈকত সাহা, সমাজসেবী রণজিৎ সরকার, চন্দন দেবনাথ, ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধি, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। আগামী ১০- ১২ ডিসেম্বর, ২০২৪ এই মেলা চলবে। তিন দিনব্যাপী মেলার উদ্বোধন হবে ১০ ডিসেম্বর সন্ধ্যায়। মেলায় প্রতিদিনই থাকবে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী মন্দপ। বিধায়ক স্বপ্না মজুমদার মেলাকে সফল করে তুলতে সকলের সহযোগিতা কামনা করেন। প্রস্তুতি সভায় মেলাকে সফল ও সুন্দর করে তুলতে একটি মূল কমিটি ও সাতটি উপকমিটি গঠন করা হয়।
